# বাংলাদেশের আস্থাভাজন বন্ধু হতে চায় চীন: চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই



সংগৃহীত ছবি

বাংলাদেশের বিশ্বাসযোগ্য বন্ধু ও উন্নয়ন সহযোগী হিসেবে পাশে থাকার প্রত্যাশা জানিয়েছে চীন। বৃহস্পতিবার মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেনের সঙ্গে বৈঠকে এ কথা বলেন চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই

বৈঠকে ওয়াং ই বলেন, “চীন সবসময় বাংলাদেশের আস্থাভাজন বন্ধু হতে চায়। আমরা কেবল বন্ধু নয়, একটি দায়িত্বশীল প্রতিবেশী ও বিশ্বস্ত সহযোগী হিসেবেও বাংলাদেশের পাশে থাকতে চাই।”

তিনি আরও জানান, বাংলাদেশে একটি সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন আয়োজনের পক্ষে রয়েছে চীন। দেশের উন্নয়ন প্রয়োজন অনুযায়ী চীন সহযোগিতা অব্যাহত রাখবে বলেও আশ্বাস দেন তিনি।

চীনা পররাষ্ট্রমন্ত্রী বলেন, “বাংলাদেশ-চীন কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি দুই দেশের জন্যই ঐতিহাসিক মাইলফলক। এই সম্পর্ককে সামনে এগিয়ে নিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।”

ওয়াং ই, যিনি চীনের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির পলিটব্যুরোর সদস্যও, আরও বলেন—বাংলাদেশসহ এশিয়ার অন্যান্য দেশকে আধুনিক ও উন্নত রাষ্ট্রে পরিণত করতে চীন সক্রিয়ভাবে কাজ করতে চায়।

সূত্র: সিজিটিএন